57

তারিখ 2 4 APR 1996
পৃষ্ঠা ৬ কলাম ২

আজকের কাগজ

রাবি, অনার্স শ্রেণীতে ভর্তি

# প্রতি আসনে ১২ প্রার্থী

কাগজ ডেস্ক : রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ১৯৯৫-৯৬ সেশনে অনার্স শ্রেণীতে ভর্তির জন্যে মোট ৪০ হাজার ছাত্রছাত্রী আবেদনপত্র জমা দিয়েছে। বিশ্ববিদ্যালয়ে মোট আসন সংখ্যা ৩ হাজার ১৫০টি। সে হিসেবে প্রতিটি আসনের জন্যে এবার ১২ জন প্রতিদ্বন্দ্বিতা করছে।

ঐতিহ্যবাহী রাজশাহী বিশ্ববিদ্যালয়ে সাম্প্রদায়িক শক্তির আনাগোনা দফায় দফায় ছাত্র সংঘর্ষ এবং বিশ্ববিদ্যালয় উপাচার্য সংক্রান্ত জটিলতায় শিক্ষার অনুকূল পরিবেশ মারাত্মকভাবে বিঘ্নিত হচ্ছে। সে কারণে রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ভর্তির ক্ষেত্রে শিক্ষার্থিদের অনাগ্রহ বেশ নজরে পড়ছে। গত বছর রা.বিতে যেখানে ৫৭ হাজার আবেদনপত্র জমা পড়েছিলো সেখানে এবছর ১৭ হাজার আবেদনপত্র কম পড়েছে। উল্লেখ্য; রাজশাহী বিশ্ববিদ্যালয়ে মোট ৬টি অনুষদের অধীনে ৩৪টি বিভাগ রয়েছে।

এ বছর ভর্তি পরীক্ষা শুরু হচ্ছে ১৪ মে থেকে। বিজ্ঞান এবং আইন অনুষদের পরীক্ষা হবে প্রথম দিন ১৪ মে। কলা এবং বাণিজ্য অনুষদের পরীক্ষা গ্রহণ করা হবে ১৫ মে। পরদিন অর্থাৎ ১৬ মে সমাজ বিজ্ঞান এবং ধরিত্রী ও প্রাণ অনুষদের ভর্তি পরীক্ষা হবে।